গোপনীয়
রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ)

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.০২১-৪২

তারিখঃ ০৭/০৩/১৪৩০ বঙ্গাঃ
২১/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ বিষয় ঃ চাকুরী হতে 'বরখাস্ত' (**Dismissal from service**) দন্ড আরোপের নিমিত্ত কারণ দর্শানোর নোটিশ প্রসংগে।

যেহেতু আপনি জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা গত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে আপনাকে নির্বাহী প্রকৌশলী ঢাকা পওর বিভাগ-০১, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪৪৬/নিঃপ্রঃ/ঢাকা-১, তারিখঃ ১৬/০৯/২০২০খ্রিঃ, স্মারক নং-২৫৬/নিঃপ্রকৌঃ/ঢাকা-১ তারিখঃ ২০/০৮/২০২০ খ্রিঃ এবং স্মারক নং-২১৩১/নিঃপ্রঃ/ঢাকা-১, তারিখঃ ২০/০১/২০২১খ্রিঃ এর মাধ্যমে উক্ত অনুপস্থিতি জনিত কারণে কৈফিয়ত তলব করা হয় এবং সন্তোষজনক জবাব দাখিল পূর্বক কর্মস্থলে যোগদানের জন্য বারবার নির্দেশ প্রদান করা সত্ত্বেও কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে আপনি অদ্যাবধি কাজে যোগদান করেনি। এমনকি আপনি আপনার অবস্থান সম্পর্কে মৌখিক বা লিখিতভাবে সংশ্লিষ্ট দপ্তরকে কোন কিছু অবহিত করেননি।

২। যেহেতু আপনি জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা উপরোক্ত কাজ করে এরূপ আচরণ করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামিল এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

৩। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.০২১-২০৭ তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা আপনার দাপ্তরিক ঠিকানা এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। প্রেরিত অভিযোগনামায় ১০ (দশ) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও আপনি অভিযোগনামায় আনীত অভিযোগের জবাব দাখিল করেননি এবং সময় বৃদ্ধির আবেদনও করেননি। তৎপ্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী আপনার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০২৫.০২১-৪০ তারিখঃ ০৬/০৩/২০২২ খ্রিঃ মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে গত ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগটি তদন্তে প্রতিষ্ঠিত হওয়ায় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮ (ক), (খ) ও (গ) মোতাবেক কর্তব্যে অবহেলা, অসদাচরণ, ও পলায়নের সামিল হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) অনুযায়ী আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো'র চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপের বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অঃ পৃঃ দ্রঃ

৫। সেহেতু, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক কেন আপনার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ১২/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে আপনার উপর বাপাউবো বোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১। তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি-২৮(আঠাশ) পাতা।

২৭/০৮/২০২০

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২
টেলিফোন নং-৮৮০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com

প্রাপক
জনাব জান্নাতুল বাকিয়া (আইডি নং-৮৯০৮১৩০০১)
অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা।
স্থায়ী ঠিকানা
পিতাঃ বজলুর রহমান ভূইয়া
গ্রামঃ চন্দনদীয়া
ডাকঘরঃ পুটিয়া বাড়ি
থানাঃ শিবপুর
জেলাঃ নরসিংদী।

জ্ঞাতার্থে/কার্যার্থেঃ-

১. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি ২ (দুই) টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ পূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। কারণ দর্শানোর নোটিশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৩. সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

ডায়েরী নং ৭৪৩ তারিখঃ ২৮/৮/২০
প্রোগ্রামার ১/২ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী নথিতে পেশ করুন
রেখে রাখুন
তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

E:\Eva Pradhan\order.s-1\Dhaka.doc